



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩.২০২০/১০৫৭/১৬

তারিখ: ০১/১০/২০২০ খ্রি.

বিষয়: অধ্যক্ষ মো: গোলাম আজম খাঁ এর বরখাস্ত সংক্রান্ত।

সূত্র: মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩.২০২০/৩৯৮৮/৮; তারিখ: ২৬/০৭/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারক মোতাবেক মাউশি অধিদপ্তরের বিজ্ঞ আইন শাখার মতামত ও গভর্নিংবডির সর্বশেষ সিদ্ধান্তকেও কোনরূপ তোয়াক্কা না করে প্রতিষ্ঠান পরিচালনা করায় গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলায় শিবরাম আলহাজ্জ মো: হোসেন স্মৃতি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) জনাব মো: গোলাম আজম খাঁ ইনডেক্স-৬১৯৩১৯ এর এমপিও বিল বন্ধসহ এমপিও থেকে নাম কর্তনের বিষয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আনোয়ার হোসেন মাউশি অধিদপ্তরে আবেদন করেন। বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তরে শুনানী গ্রহণ করা হয়। উক্ত শুনানীতে বর্ণিত বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

“বিজ্ঞ আদালতে একাধিক ফৌজদারী মামলা (ক্রিমিনাল) চলমান থাকায় অধ্যক্ষ মো: গোলাম আজম খাঁ এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার বিধিসম্মত হয়নি। এক্ষেত্রে চলমান ফৌজদারী মামলাসমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অধ্যক্ষ মো: গোলাম আজম খাঁ বরখাস্ত থাকবেন মর্মে অত্র কলেজের সভাপতিকে পত্র দেওয়া যেতে পারে।”

এমতাবস্থায়, বিজ্ঞ আদালতে একাধিক ফৌজদারী মামলা (ক্রিমিনাল) চলমান থাকায় অধ্যক্ষ মো: গোলাম আজম খাঁ এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার বিধিসম্মত হয়নি। এক্ষেত্রে চলমান ফৌজদারী মামলাসমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অধ্যক্ষ মো: গোলাম আজম খাঁ বরখাস্ত থাকবেন মর্মে নির্দেশক্রমে বিষয়টি অবহিত করা হলো।

(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭

E-mail: ncollege@dshe.gov.bd

সভাপতি, পরিচালনা পরিষদ, শিবরাম আলহাজ্জ মো: হোসেন স্মৃতি স্কুল এন্ড কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অধ্যক্ষ, শিবরাম আলহাজ্জ মো: হোসেন স্মৃতি স্কুল এন্ড কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা
- ৪। জনাব মো: গোলাম আজম খাঁ ইনডেক্স-৬১৯৩১৯, শিবরাম আলহাজ্জ মো: হোসেন স্মৃতি স্কুল এন্ড কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা
- ৫। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ)
- ৬। সংরক্ষণ নথি।